যায়যায়দিন

তারিখ 15 JAN 2008
পৃষ্ঠা ২০ কলাম ৫

Report

# ঈশ্বরদীতে প্রাইমারি শিক্ষা অফিসারের দুর্নীতি তদন্তের দাবি

ঈশ্বরদী (পাবনা) সংবাদদাতা

চলতি প্রাইমারি বৃত্তি পরীক্ষার হলে নিজের ছেলেকে সাহায্য না করায় অধীনস্থ শিক্ষকদের ওপর বেজায় ক্ষুব্ধ ঈশ্বরদী প্রাইমারি সহকারী শিক্ষা অফিসার আমিরুল ইসলাম। সোমবার ঈশ্বরদী বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত প্রাইমারি বৃত্তি পরীক্ষায় অন্যদের মতো তার ছেলে ইফতেখাইরুল ইসলাম আকাশ অংশ নেয়। ঈশ্বরদী সবুজকুড়ি কিন্ডারগার্টেনের এ ছাত্র নিজ স্কুলে ফলাফল ভালো না করলেও বাবার পরিচালনাধীন মডেল টেস্টে ঈশ্বরদী উপজেলার মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। উপজেলা সহকারী শিক্ষা অফিসার আমিরুল ইসলামের বিরুদ্ধে নিজের অধীনস্থ শিক্ষকদের দিয়ে ছেলেকে বলে দেয়ার অভিযোগ রয়েছে।